স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

সপ্তম পত্র

Lokasahitya Ebong Bharatiya Sahitya : EBG-7

সময় ঃ চার ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ – ক

(লোকসাহিত্য : ৫০)

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ১ = ২০

(ক) 'লোক' শব্দের বিস্তৃত ব্যাখ্যায় 'লোকসংস্কৃতি' বলতে কি বোঝায় ? এর বিভিন্ন শ্রেণিগুলির উল্লেখ করে কোনো একটি বিভাগ সম্পর্কে আলোচনা করুন।

৮ + ১২

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) লোকসাহিত্যের অন্যতম প্রধান উপকরণ 'প্রবাদ'-এর সঙ্গে অন্যান্য শাখাগুলির পার্থক্য কোথায় ? প্রবাদের বিষয়বস্তুর বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করুন। ৬ + ১৪

(গ) 'মৈমনসিংহ গীতিকা'র নাট্যলক্ষণের পরিচয় দিন।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) ঃ

১০ × ২ = ২০

(ক) 'লোকসাহিত্য' কাকে বলে ? লোকসাহিত্য ও শিষ্ট-সাহিত্যের পার্থক্য বুঝিয়ে দিন।

(খ) উদাহরণসহ বাংলা 'ছড়া'-র বিষয়বৈচিত্র্যের পরিচয় দিন।

(গ) মন্ত্রের উদ্ভব কীভাবে হয়েছিল ? এর সাহিত্যিক দিক সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) 'ব্রত' কথাটির সাধারণ অর্থ বুঝিয়ে দিন। বাংলায় প্রচলিত 'সেজুঁতি ব্রত' ও 'মাঘমণ্ডল ব্রত' সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) ঃ

৫ × ২ = ১০

(ক) বাক্‌কেন্দ্রিক 'লোকসংস্কৃতি' বলতে কী বোঝায় ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(খ) 'টুসু' অথবা 'ঝুমুর' গান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(গ) 'ব্যালাড' ও 'গীতিকা'র পার্থক্য বুঝিয়ে দিন।

(ঘ) 'মেয়েলি ব্রত' বলতে কী বোঝেন, সংক্ষেপে লিখুন।

বিভাগ – খ

(আধুনিক ভারতীয় সাহিত্য : ৫০)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ১ = ২০

(ক) ইসমত চুগতাই-এর 'বাচ্চা' গল্পে বিজু কীভাবে দাঙ্গায় পরিত্যক্ত অনাথ শিশুটির সত্যিকারের মা হয়ে উঠল, আলোচনা করুন।

(খ) 'অস্পৃশ্যতা কীভাবে মানুষকে মনুষ্যত্বহীন করে তোলে, তারই ছবি সদ্‌গতি গল্পে।' — বিশ্লেষণ করুন।

(গ) 'চোপ্ আদালত চলছে' নাটকে লীলা বেনারের চরিত্রটি নিয়ে আলোচনা করুন।

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) ঃ

১০ × ২ = ২০

(ক) ব্রিটিশ আমলে 'ওয়ান নেশনের' ধারণা কীভাবে গড়ে উঠেছিল, বুঝিয়ে দিন।

(খ) জয়কান্তনের 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পে গানটির ভূমিকা কতখানি গুরুত্বপূর্ণ, আলোচনা করুন।

(গ) 'চোপ্, আদালত চলছে' নাটকে প্রতীকের ব্যবহার মূল সমস্যাকে কীভাবে ব্যঞ্জিত করেছে, বিশ্লেষণ করুন।

(ঘ) 'চেম্মীন' নামটি এই উপন্যাসের পক্ষে কতটা তাৎপর্যপূর্ণ তা উপন্যাসটি অবলম্বনে বিচার করুন।

৬। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) ঃ

৫ × ২ = ১০

(ক) 'বাচ্চা' গল্পে অনাথ আশ্রম এবং এতিমখানার পরিচালকের মনোভাব কী ছিল, বিশ্লেষণ করুন।

(খ) 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পে শ্মশানে কলসী ভাঙার বিষয়ে লৌকিক সংস্কার কী ? গল্প অবলম্বনে বুঝিয়ে দিন।

(গ) 'চোপ্, আদালত চলছে' নাটকে সুখাৎমে চরিত্রটিকে প্রতীকী বলে মনে হয়। সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) 'চেম্মীন' উপন্যাসে চাকীর মৃত্যু, কাহিনির জন্য কতটা গুরুত্বপূর্ণ ? মতামত দিন।